

সংকলনের পরিধি

এই রিপোর্টে সড়ক ও জনপথ অধিদপ্তরের ১২৮টি নিরীক্ষাযোগ্য বিভাগ/দপ্তরের মধ্যে ১৩টি বিভাগ/দপ্তরের বিভিন্ন সালের গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতি সম্পর্কিত মোট ১৫টি অডিট আপত্তি অন্তর্ভুক্ত করা হইয়াছে। যে সকল আর্থিক অনিয়ম, ত্রুটিপূর্ণ আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা ইত্যাদি অন্তর্ভুক্ত হইয়াছে, তাহা উত্থাপিত সময়ের (অথবা তাহার পূর্ববর্তী সময়ের) সমগ্র লেনদেনের যে ক্ষুদ্রাতি ক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হইয়াছে উহারই সামান্য কিছু প্রতিফলন মাত্র। সুতরাং এই রিপোর্টের আপত্তি ও মন্তব্যসমূহ উদাহরণমূলক এবং তাহা কোন ক্রমেই সড়ক ও জনপথ অধিদপ্তরের আর্থিক শৃংখলার মান সম্পর্কিত পূর্ণাঙ্গ চিত্র নহে।